

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজধানীতে শিক্ষার্থীদের বিক্ষোভ

অনলাইন ডেস্ক



২০২৩ সালের এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা।

আজ সোমবার দুপুরে রাজধানীর শাহাবাগে মানববন্ধন ও বিক্ষোভ শুরু করেন

তারা। পরে বিক্ষোভটি কাঁটাবোন হয়ে সাইন্সল্যাব মোড়ের দিকে যায়।

শিক্ষার্থীদের দাবি, তারা অনেক কম সময় পাচ্ছে।

এই সময়ে পুরো সিলেবাসের পরীক্ষা দেওয়া সম্ভব নয়। তারা বলেন, আমাদের

সিলেবাস কমিয়ে ৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হোক অথবা পরীক্ষা এক মাস বা দুই

মাস পিছিয়ে দেওয়া হোক। ১০০ নম্বরের পরীক্ষা আমরা মানি না। দাবি আদায় না

হওয়া পর্যন্ত আমরা বিক্ষোভ কর্মসূচি পালন করে যাব।

এবারের পরীক্ষা নিয়ে বেশকিছু দিন ধরে সামাজিক যোগাযোগমাধ্যমে ক্ষোভ প্রকাশ করছেন পরীক্ষার্থীরা। শিক্ষামন্ত্রী, শিক্ষামন্ত্রণালয় ও বোর্ডের ই-মেইল ও সামাজিকমাধ্যমে বার্তা পাঠাচ্ছেন তারা। তবে পরীক্ষার্থীদের অভিযোগ, তাদের মতামতের কোনো গুরুত্ব দেওয়া হচ্ছে না।